

**বরিশাল বিশ্ববিদ্যালয়ে
ছাত্রদল-ছাত্রলীগ
সংঘর্ষ**

■ বরিশাল ব্যুরো
বরিশাল বিশ্ববিদ্যালয়ের তৃতীয়
বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত
সাংস্কৃতিক অনুষ্ঠানে চেয়ারে বসাকে
কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রলীগের দুই
গ্রুপে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং
সংঘর্ষের ঘটনা ঘটেছে। গতবার রাত
সাতটা ৮টায় এ ঘটনা ঘটে। সংঘর্ষের
এক পর্যায়ে জেলা ছাত্রলীগের সাধারণ
সম্পাদক আ. রাহমানের নেতৃত্বে
একদল কক্ষ ছাত্রদলের ওপর হামলা
চালায় বলে অভিযোগ উঠেছে। এ
নিম্নে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ
করছে।

জানা গেছে, সন্ধ্যার পর পরই
বর্ষপূর্তি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের অঙ্গণে
ক্যাম্পাসে সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়।
অনুষ্ঠান চলাকালে সামনের সারিতে
বসাকে কেন্দ্র করে তরু থেকেই ছাত্রদল-
ছাত্রলীগের কক্ষীদের মধ্যে উত্তেজনা
দেখা দেয়। এক পর্যায়ে সামনের সারির
চেয়ার ছেড়ে দেওয়ার জন্য কয়েকজন
শিক্ষক এসে নির্দেশ দিলে ছাত্রদলের
নেতাকর্মীরা অনুষ্ঠানস্থল থেকে চলে
যান। অনুষ্ঠানস্থলের অঙ্গণে হেঁটে করতে
থাকেন তারা। এ নিয়ে তর্কবিতর্কের এক
পর্যায়ে রাত সাতটা ৮টায় দু'পক্ষ
পাল্টাপাল্টা ধাওয়ায় লিপ্ত হয়।
বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল নেতা
রেজা শরীফ জানান, ছাত্রলীগ তাদের
ওপর অহেতুক হামলা চালিয়েছে।